# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৩. ২. পরজাতি, বিধর্মী বা শত্রু হত্যা

উপরে আমরা ঈশ্বর কর্তৃক সরাসরি তাঁর প্রিয় জাতির হত্যার বিষয়টা দেখলাম। প্রিয় জাতির সংহারে ঈশ্বর এত তৎপর হলে বিধর্মী ও শত্রু জাতির সংহারে তিনি কত তৎপর হবেন তা সহজেই অনুমেয়। ঈশ্বর বিধর্মীদের হত্যা করেন তাঁর প্রিয় জাতির মাধ্যমে। তবে মাঝে মাঝে তিনি স্বয়ং এ যুদ্ধে অংশগ্রহণ করেন এবং বিধর্মীদের সংহার করেন। পরবর্তীতে আমরা ঈশ্বরের নির্দেশে যুদ্ধে বা বিনা যুদ্ধে বিধর্মী বা শত্রুদের হত্যার বিবরণ দেখব। আমরা দেখব যে, এ সকল যুদ্ধেও স্বয়ং ঈশ্বর নিজে প্রিয় প্রজাদের পক্ষে যুদ্ধ করে লক্ষ লক্ষ মানুষ ও প্রাণি হত্যায় অংশগ্রহণ করেছেন: ‘‘বনি-ইসরাইলের মাবুদ আল্লাহ তাদের হয়ে যুদ্ধ করেছিলেন।’’ (ইউসা ১০/৪২) এ ছাড়াও ঈশ্বর কর্তৃক বিধর্মীদের হত্যার অনেক ঘটনা বাইবেলে উল্লেখ করা হয়েছে। কয়েকটা নমুনা এখানে উল্লেখ করছি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14537

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন